রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ১৬, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
জাতীয় রাজস্ব বোর্ড
[শুল্ক ও মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২০ বৈশাখ, ১৪২৪ বঙ্গাব্দ/০৩ মে, ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১০১-আইন/২০১৭/১১/কাস্টমস।—Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 219, Third Schedule এর Item 2 এর সহিত পঠিতব্য, এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৬৬ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড সম্পূর্ণ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান (সাময়িক আমদানি) বিধিমালা, ১৯৯৩ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ৫ক এর পর নিম্নরূপ নূতন বিধি ৫খ এবং ৫গ সন্নিবেশিত হইবে, যথা:—

"৫খ। (১) এই বিধিমালার অন্যান্য বিধান সাপেক্ষে, প্লাস্টিক দ্রব্য এবং কার্টন পণ্য সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত কাঁচামাল বন্ডেড ওয়্যারহাউস হইতে খালাস ও ব্যবহারের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:—

(ক) প্লাস্টিক দ্রব্য (First Schedule এর Chapter 39 সংশ্লিষ্ট হেডিংভুক্ত পণ্য) এর ক্ষেত্রে বাংলাদেশ প্লাস্টিক দ্রব্য প্রস্তুতকারক ও রপ্তানিকারক এসোসিয়েশন (বিপিজিএমইএ) এবং কার্টন পণ্য (First Schedule এর Chapter 48 সংশ্লিষ্ট হেডিংভুক্ত পণ্য) এর ক্ষেত্রে বাংলাদেশ গার্মেন্টস্ এক্সেসরিজ এন্ড প্যাকেজিং ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ) এর সদস্যভুক্ত বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী শিল্প প্রতিষ্ঠান (বন্ডদাতা) তফসিল ৩ এর ফরম 'ক' তে ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউডি) ফরম অনলাইনে দাখিল করিবে;

(খ) বন্ডদাতা কর্তৃক অনলাইনে দাখিলকৃত প্রতিটি ইউডি ফরমে প্রদত্ত তথ্যাদির সঠিকতা সম্পর্কে বিপিজিএমইএ এবং বিজিএপিএমইএ প্রত্যয়ন করিয়া প্রত্যয়নকৃত ইউডি এর ০২ (দুই) বা, প্রয়োজনে, ততোধিক মুদ্রিত অনুলিপি সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস (বন্ড) এর নিকট প্রেরণ করিবে;

(গ) সংশ্লিষ্ট কমিশনার অব কাস্টমস (বন্ড) বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা বিপিজিএমইএ এবং বিজিএপিএমইএ কর্তৃক প্রত্যয়নকৃত ইউডিপ্রাপ্তির পর উহাতে প্রদত্ত তথ্যাদি তফসিল ৩ এর ফরম 'খ' অনুসারে প্রস্তুতকৃত রেজিস্টারে লিপিবদ্ধ করিয়া সংশ্লিষ্ট বন্ডেড ওয়্যারহাউস হইতে কাঁচামাল খালাস করিবেন; এবং

(ঘ) বিপিজিএমইএ এবং বিজিএপিএমইএ অনলাইনে দাখিলকৃত প্রতিটি ইউডি ফরমে প্রদত্ত তথ্যাদি তফসিল ৩ এর ফরম 'গ' অনুসারে প্রস্তুতকৃত রেজিস্টারে সংরক্ষণ করিবে, এবং শুল্ক কর্তৃপক্ষ উক্ত রেজিস্টার ও ইউডির অনুলিপি পরিদর্শন ও পরীক্ষা করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, অনলাইনে ইউটিলাইজেশন ডিক্লারেশন এর আবেদন গ্রহণ ও প্রত্যয়নপূর্বক কাস্টমস বন্ড কমিশনারেটে প্রেরণের ক্ষমতাপ্রাপ্ত হইবার পূর্বেই, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল ও জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মনোনীত বিশেষজ্ঞ সমন্বয়ে গঠিত কমিটির মাধ্যমে বিপিজিএমইএ এবং বিজিএপিএমইএ, নিম্নবর্ণিত শর্ত পরিপালন ও পদ্ধতি অনুসরণপূর্বক, স্ব-স্ব ক্ষেত্রে ইউটিলাইজেশন ডিক্লারেশন এ্যাপ্লিকেশন সিস্টেম সফটওয়্যার উদ্ভাবন করিবে, যথা:—

(ক) ইউটিলাইজেশন ডিক্লারেশন এ্যাপ্লিকেশন সিস্টেম সফটওয়্যারটি Automated System for Customs Data (ASYCUDA) World, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর (Duty Exemption and Drawback Office) (DEDO) কর্তৃক জারীকৃত উপকরণ-উৎপাদ সহগ, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ), বাংলাদেশ নিটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমই) ব্যাংকসমূহের অনলাইন পদ্ধতির সহিত সঙ্গতিপূর্ণ হইতে হইবে;

(খ) দফা (ক) এর উদ্দেশ্য পূরণকল্পে, ইউটিলাইজেশন ডিক্লারেশন এ্যাপ্লিকেশন সিস্টেম সফটওয়্যার এ ইউডি ও ঋণপত্রসহ অন্যান্য তথ্যাদি এবং বিভিন্ন পণ্যের নিয়মানুগ ব্যবহারের বিষয়ে DEDO কর্তৃক জারীকৃত উপকরণ-উৎপাদ সহগের মধ্যে সমন্বয় থাকিতে হইবে;

(গ) ইউটিলাইজেশন ডিক্লারেশন এ্যাপ্লিকেশন সিস্টেম সফটওয়্যারটিতে ASYCUDA সিস্টেমের সহিত সমন্বয় করিয়া আমদানি-রপ্তানির তথ্য স্বয়ংক্রিয়ভাবে ধারণ করিবার ব্যবস্থা থাকিতে হইবে;

(ঘ) এই বিধির অধীন উদ্ভাবিত ইউটিলাইজেশন ডিক্লারেশন এ্যাপ্লিকেশন সিস্টেম সফটওয়্যার এর বৈধতা (Validation), পরীক্ষা (Testing), উপযুক্ততা (Compatibility) ও যথাযথ মান বিপিজিএমইএ এবং বিজিএপিএমইএকে স্ব-স্ব ক্ষেত্রে নিশ্চিত করিতে হইবে; এবং

(ঙ) ইউটিলাইজেশন ডিক্লারেশন এ্যাপ্লিকেশন সিস্টেম সফটওয়্যার এর উপ-বিধি (৭) এর অধীন সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের বন্ডিং কার্যক্রম স্থগিত বা, ক্ষেত্রমত, অকার্যকর (disable) করিবার ব্যবস্থা থাকিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন ইউটিলাইজেশন ডিক্লারেশন সিস্টেম সফটওয়্যার উদ্ভাবনের কার্যক্রম শুরু করিবার পূর্বে বিপিজিএমইএ এবং বিজিএপিএমইএ কে জাতীয় রাজস্ব বোর্ডের সহিত একটি সমঝোতা স্মারক সম্পাদন করিতে হইবে।

(৪) উপ-বিধি (৩) এর অধীন সম্পাদিত সমঝোতা স্মারকের ভিত্তিতে এই বিধির অধীন প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিতে হইবে।

(৫) এই বিধির অধীন ইউডি সংক্রান্ত কার্যাবলী সম্পাদনের উদ্দেশ্যে বিপিজিএমইএ এবং বিজিএপিএমইএ কে পৃথকভাবে কাস্টমস বন্ড কমিশনারেটের নিকট হইতে আইনের section 207 এর অধীন লাইসেন্স গ্রহণ করিতে হইবে।

(৬) কাস্টমস বন্ড কমিশনারেট বিপিজিএমইএ বা বিজিএপিএমইএ এর নিকট হইতে তফসিল ৩ এর ফরম 'ক' তে প্রাপ্ত ও প্রত্যয়নকৃত ইউডিসমূহের মধ্য হইতে ঝুঁকি ব্যবস্থাপনার ভিত্তিতে প্রতিদিন দৈবচয়নের মাধ্যমে ন্যূনতম ১০-১৫% ফরম যাচাই-বাছাই করিবার নিমিত্ত নির্বাচন করিবে এবং এইরূপে নির্বাচিত ইউডি ফরম সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানসমূহের কাঁচামাল বা উৎপাদিত পণ্যসমূহ কাস্টমস বন্ড কমিশনারেটের পূর্বানুমতি ব্যতিরেকে পরিবর্তন বা অপসারণ করা যাইবে না।

(৭) প্লাস্টিক দ্রব্য বা কার্টন পণ্য সংশ্লিষ্ট কোনো শিল্প প্রতিষ্ঠানের বিরুদ্ধে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৫৫, আইনের sections 32 ও 83A এর সহিত পঠিতব্য, এর অধীন কোনো দাবীনামা জারি করা হইলে বা আইনের section 32 এর অধীন কোনো মামলা রুজু হইলে বা আইনের section 202 ও মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৫৬ এর অধীন কোনো কার্যক্রম গ্রহণ করা হইলে কাস্টমস বন্ড কমিশনারেট উক্ত শিল্প প্রতিষ্ঠানের Business Identification Number (BIN) অনুযায়ী ইউটিলাইজেশন ডিক্লারেশন এ্যাপ্লিকেশন সিস্টেম স্থগিত করিতে পারিবে, এবং উক্তরূপে সিস্টেম স্থগিত করা হইলে, সংশ্লিষ্ট এসোসিয়েশন উক্ত স্থগিতকৃত শিল্প প্রতিষ্ঠানের পক্ষে ইউডি ফরম প্রত্যয়ন বা কাস্টমস বন্ড কমিশনারেটে প্রেরণ করিবার কার্যক্রম গ্রহণ করিতে পারিবে না।

(৮) এই বিধির অধীন বিপিজিএমইএ এবং বিজিএপিএমইএ কোনো ইউডি এর আবেদন গ্রহণ ও প্রত্যয়নপূর্বক উহা কাস্টমস বন্ড কমিশনারেটের নিকট প্রেরণের বিষয়ে ক্ষমতাপ্রাপ্ত হইবার পূর্ব পর্যন্ত কাস্টমস বন্ড কমিশনারেট কর্তৃক ইউটিলাইজেশন পারমিশন ইস্যুর ক্ষেত্রে এই বিধিমালার সংশ্লিষ্ট বিধানসমূহ অনুসরণ করিতে হইবে।

৫গ। বিধি ৫খ তে যাহা কিছুই থাকুক না কেন, প্লাস্টিক দ্রব্য (First Schedule এর Chapter 39 সংশ্লিষ্ট হেডিংভুক্ত পণ্য) বা কার্টন পণ্য (First Schedule এর Chapter 48 সংশ্লিষ্ট হেডিংভুক্ত পণ্য) সংশ্লিষ্ট কোনো শিল্প প্রতিষ্ঠান কর্তৃক গার্মেন্টস্ এক্সেসরিজ, কার্টন ও প্লাস্টিকজাত প্যাকেজিং পণ্য প্রস্তুতের উদ্দেশ্যে আমদানিকৃত কাঁচামাল বন্ডেড ওয়্যারহাউস হইতে খালাস ও ব্যবহারের ক্ষেত্রে বিধি ৫ এর অধীন ইউটিলাইজেশন পারমিশন গ্রহণ করিতে পারিবে, এবং উক্ত ক্ষেত্রে বিপিজিএমইএ বা, ক্ষেত্রমত, বিজিএপিএমইএ এর নিকট হইতে ইউডি গ্রহণ করিবার বাধ্যবাধকতা থাকিবে না।";

২। তফসিল ২ এরপর নিম্নরূপ নূতন তফসিল ৩ সংযোজিত হইবে, যথা:—

"তফসিল ৩

ফরম-'ক'

[বিধি ৫খ (১) (ক) দ্রষ্টব্য]

সরাসরি রপ্তানি বা প্রচ্ছন্ন রপ্তানির ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউডি) ফরম

১।	ইউডি নম্বর	ঃ
২।	বন্ড দাতার নাম	ঃ
৩।	(ক) বন্ড লাইসেন্স নং	ঃ
	(খ) ভ্যাট নিবন্ধন নং	ঃ
৪।	বিপিজিএমইএ/বিজিএপিএমইএ এর সদস্যভুক্ত শিল্প প্রতিষ্ঠানের সদস্য নং ও বছর	ঃ
৫।	ক্রেতার নাম ও ঠিকানা	ঃ
৬।	রপ্তানি ঋণপত্র/ইমপোর্ট পারমিট (আইপি)/সেলস কন্ট্রাক্ট নম্বর, তারিখ ও মূল্য	ঃ
৭।	লোকাল ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের বিবরণ	
	(ক) নম্বর ও তারিখ	ঃ
	(খ) ব্যাংকের নাম ও ঠিকানা	ঃ
	(গ) জাহাজীকরণের শেষ মেয়াদ ও এলসি'র শেষ মেয়াদ	ঃ
৮।	আমদানি ঋণপত্রের বিবরণ (নম্বর, তারিখ ও মূল্য)	ঃ
৯।	লিয়েন ব্যাংকের নাম ও ঠিকানা	ঃ
১০।	বিজিএমইএ এর ইউডি নম্বর (সংশোধনীসহ), তারিখ ও ইউডিতে চাহিত আনুষঙ্গিক দ্রব্যের বিবরণ ও পরিমাণ	ঃ
১১।	উৎপাদিতব্য পণ্যের মোট পরিমাণ	ঃ
১২।	শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর (Duly Exemption and Drawback Office) (DEDO) হতে উপকরণ-উৎপাদ সহগ জারীকরণের পত্র নম্বর ও মেয়াদ	ঃ

১৩।	বর্ণিত পণ্য উৎপাদনের ক্ষেত্রে প্রযোজ্য উপকরণ-উৎপাদ সহগ	ঃ
১৪।	কাস্টমস বন্ড কমিশনারেট কর্তৃক প্রদত্ত আমদানি প্রাপ্যতার নম্বর ও তারিখ	ঃ
১৫।	বর্ণিত পণ্য উৎপাদনের ক্ষেত্রে প্রযোজ্য উপকরণ-উৎপাদ সহগ অনুযায়ী প্রয়োজনীয় কাঁচামালের বিবরণ ও পরিমাণ	ঃ
১৬।	মজুদ সংক্রান্ত তথ্যাদি	
	(ক) কাঁচামালের নাম	ঃ
	(খ) পূর্বের জের	ঃ
	(গ) আমদানি প্রাপ্যতা	ঃ
	(ঘ) চলতি মেয়াদে আমদানির পরিমাণ	ঃ
	(ঙ) ব্যবহৃত কাঁচামালের পরিমাণ	ঃ
	(চ) বর্তমান মজুদ	ঃ
	(ছ) এই ইউডিতে কাঁচামাল ব্যবহারের পর অবশিষ্ট পরিমাণ	ঃ
১৭।	এককালীন বন্ডিং ক্যাপাসিটি	ঃ
১৮।	প্রতিষ্ঠানের বিরুদ্ধে অনিয়ম মামলা রুজু/দাবীনামা জারি/বকেয়া রহিয়াছে কি না	ঃ

তারিখ: বন্ডদাতার স্বাক্ষর ও সিল

১৯। (ক) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপন নং..............তারিখ.............এর শর্তসমূহ মোতাবেক বিপিজিএমইএ/বিজিএপিএমইএ আমদানি/রপ্তানির হিসাব সংরক্ষণ করিবে এবং যথাসময়ে বন্ড দাতা ত্রৈমাসিক বিবরণী লিয়েন ব্যাংকের প্রত্যয়নসহ অধিক্ষেত্রের/ সংশ্লিষ্ট কাস্টমস বন্ড কমিশনারেট এর নিকট পেশ করিবে;

(খ) এই ইউডি এর বিপরীতে বন্ড দাতা কর্তৃক সম্পাদিত বন্ড (রিসিভিং নম্বর............ তারিখ...............), ঋণপত্র ও অন্যান্য প্রাসঙ্গিক কাগজপত্রাদির কপি আমদানি পর্যায়ের কমিশনারসহ অধিক্ষেত্রভুক্ত কমিশনারের নিকট প্রেরণ করা হল।

সূত্র নং.....................

তাং...

বিপিজিএমইএ/বিজিএপিএমইএ-এর মনোনীত

কর্মকর্তার নাম ঃ.................................

স্বাক্ষর ঃ...

পদবি ঃ...

তারিখ ঃ..

ফরম-'খ'

[বিধি ৫খ (১) (গ) দ্রষ্টব্য]

ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউডি) প্রত্যয়ন রেজিস্টার

(প্রতিষ্ঠানওয়ারী বিপিজিএমইএ বা বিজিএপিএমইএ এর অফিস সংরক্ষণ করিবে)

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ

বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স নম্বর ঃ

লিয়েন ব্যাংকের নাম ও ঠিকানা ঃ

ইউডি এর ক্রমিক নম্বর ও তারিখ	প্রাসঙ্গিক বন্ড লাইসেন্সের নম্বর ও তারিখ	রপ্তানি ঋণপত্র (এক্সপোর্ট এলসি) /ব্যাক টু ব্যাক ঋণপত্র(বিবিএলসি) বা অন্য এলসি এর নম্বর ও তারিখ উহাদের মূল্য (মাঃ ডঃ)	বিদেশি/দেশি ক্রেতার নাম ও ঠিকানা	আমদানিতব্য কাঁচামালের সরবরাহকারীর নাম ও ঠিকানা	আমদানিতব্য কাঁচামালের বর্ণনা ও মূল্য (মাঃ ডঃ)	সংশ্লিষ্ট কমিশনারেটের নিকট প্রেরণের সূত্র ও তারিখ

ফরম-'গ'

[বিধি ৫খ (১) (ঘ) দ্রষ্টব্য]

বন্ড রেজিস্টার

(প্রতিষ্ঠানওয়ারী বিপিজিএমইএ বা বিজিএপিএমইএ এর অফিস সংরক্ষণ করিবে)

প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ঃ

বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স নম্বর ঃ

লিয়েন ব্যাংকের নাম ও ঠিকানা ঃ

বন্ডের ক্রমিক নম্বর	প্রাসঙ্গিক ইউডি এর নম্বর ও তারিখ	রপ্তানি ঋণপত্র (এক্সপোর্ট এলসি) /ব্যাক টু ব্যাক ঋনপত্র(বিবিএলসি) বা অন্য এলসি এর নম্বর ও তারিখ উহাদের মূল্য (মাঃ ডঃ)	দেশি বা বিদেশি ক্রেতার নাম ও ঠিকানা	আমদানিতব্য কাঁচামালের সরবরাহকারীর নাম ও ঠিকানা	আমদানিতব্য কাঁচামালের বর্ণনা ও মূল্য (মাঃ ডঃ)	সংশ্লিষ্ট কমিশনারেটের নিকট প্রেরণের সূত্র ও তারিখ"।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান
চেয়ারম্যান।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd